কালের কণ্ঠ

তারিখ: 07 JUL 2015
পৃষ্ঠা: ... কলাম: ...

# ঈদে হল বন্ধ নিয়ে উপাচার্যের সঙ্গে শিক্ষার্থীদের সাক্ষাৎ বিবেচনার আশ্বাস

জাবি প্রতিনিধি ▷

ঈদুল ফিতর উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো বন্ধের সিদ্ধান্ত পরিবর্তনের দাবিতে উপাচার্যের সঙ্গে দেখা করেছেন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুরে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা মিলে উপাচার্যের সঙ্গে দেখা করেন। এ সময় শিক্ষার্থীরা দীর্ঘকালীন হল বন্ধের কারণে তাঁদের ভোগান্তির কথা তুলে ধরলে উপাচার্য তা বিবেচনার আশ্বাস দেন।

এদিকে খবর নিয়ে জানা গেছে, ঈদে হল বন্ধ থাকায় শিক্ষার্থীদের ভোগান্তির কথা বিবেচনা করে বন্ধ আংশিক কমানোর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বিকেলে প্রাধ্যক্ষ কমিটির সভাপতি অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'ঈদে হল বন্ধ থাকবে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। তবে শিক্ষার্থীদের সমস্যার কথা বিবেচনা করে ঈদের আগে-পরে দুই দিন করে চার দিন কমানো যেতে পারে। এ বিষয়ে উপাচার্যের কাছ থেকে দিকনির্দেশনা পেয়েছি।'

এর আগে শিক্ষার্থীরা দেখা করতে গেলে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোর কর্মকর্তা-কর্মচারীরা পরিবার-পরিজন নিয়ে ভালোভাবে ঈদ কাটানোর জন্য গত কয়েক ঈদ থেকেই ছুটির অনুরোধ জানিয়ে আসছিলেন। এ বছর বিশ্ববিদ্যালয়ের হল প্রাধ্যক্ষ কমিটির পক্ষ থেকেও একই সুপারিশ করা হয়। সব দিক বিবেচনা করে সিন্ডিকেট সভায় সর্বসম্মতিক্রমে ১০ দিন হল বন্ধ রাখার সিদ্ধান্ত হয়।

এদিকে বন্ধের সময় শিক্ষার্থীদের কম্পিউটার, ল্যাপটপ, ক্যামেরা, ডিভিডি, টাকাসহ মূল্যবান জিনিসপত্র নিজ দায়িত্বে রাখতে বলেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এর আগে গত ২৮ মে সিন্ডিকেটের বিশেষ সভায় ১৪ জুলাই থেকে ২৩ জুলাই পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব আবাসিক হল বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। তাতে বিপাকে পড়েন অনেক শিক্ষার্থী। এ নিয়ে কালের কণ্ঠে গত ২ জুলাই 'ঈদে হল বন্ধ, ছাত্ররা ক্ষুব্ধ' শিরোনামে প্রতিবেদন প্রকাশিত হয়। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।